দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 18 APR 2008 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৩ ...

# এমপিওভুক্তি নিয়ে চাপের মুখে মন্ত্রণালয়

॥ নিজামুল হক ॥

এমপিও ( মান্থলি পে অর্ডার ) নিয়ে চাপের মুখে রয়েছে শিক্ষা মন্ত্রণালয়। প্রতিনিয়ত বিভিন্ন মন্ত্রী ও সংসদ সদস্যদের সুপারিশ আসছে শিক্ষা মন্ত্রণালয়ে। তারা মন্ত্রণালয়ে ফোন করে তার সুপারিশকৃত প্রতিষ্ঠানটিকে এমপিওভুক্ত করার জন্য চাপ প্রয়োগ করছেন।

প্রায় সাড়ে তিন হাজার শিক্ষা প্রতিষ্ঠানের এমপিওভুক্তির আবেদন মন্ত্রণালয়ে জমা হয়ে আছে। প্রতিদিন এ সংখ্যা বাড়ছে। এসব আবেদনের প্রায় প্রতিটিতে সুপারিশ করেছেন একাধিক মন্ত্রী এবং সংসদ সদস্য। মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন এক কর্মকর্তা জানান, এত সুপারিশ থাকায় আবেদনপত্র বাছাই করতে গিয়ে মন্ত্রণালয়কে হিমশিম খেতে হবে। এমপিওর জন্য সরকারের প্রভাবশালী মন্ত্রীদের অনেক সুপারিশ রয়েছে যা উপেক্ষা করার কোন সুযোগ নেই। এর ফলে নীতিমালার ব্যত্যয় ঘটিয়ে এমপিওভুক্তি করতে হবে।

আগামী বাজেটে এমপিও খাতে অর্থ বরাদ্দ দেয়ার জন্য শিক্ষা মন্ত্রণালয়ের পক্ষ থেকে অর্থমন্ত্রীর সাথে যোগাযোগ করা হয়েছে। প্রাথমিকভাবে অর্থমন্ত্রণালয়ের কাছে অতিরিক্ত (২য় পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## এমপিওভুক্তি নিয়ে

(প্রথম পৃঃ পর)

৬শ' কোটি টাকা চাইবে শিক্ষা মন্ত্রণালয়। আগামী ৭ মে এ নিয়ে অর্থমন্ত্রীর সাথে বৈঠক হওয়ার কথা রয়েছে।

এদিকে ২০০৬ সালে সরকারিভাবে পরিচালিত এক তথ্যে দেখানো হয়েছে, দেশে বর্তমানে প্রয়োজনের অতিরিক্ত ৫ হাজার ৫৯০টি শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে।